তারিখ ...2 0 MAY 1997 ... ...
পৃষ্ঠা 8 কলাম 2

দৈনিক ইনকিলাব 16

# মূল্যবোধের অবক্ষয় মুক্ত ইসলামী বিশ্ববিদ্যালয় গড়তে সম্ভাব্য সকল প্রয়াস চালাবো ঃ ভিসি

কুষ্টিয়া ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মুহাম্মদ ইনাম-উল হক বলেন, মুক্তিযুদ্ধের মাধ্যমে আমাদের জাতি পৃথিবীর বুকে এক সম্মানিত জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। গত শনিবার বিশ্ববিদ্যালয়ের বেগম খালেদা জিয়া হলে বার্ষিক আন্তঃ কক্ষ ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

খালেদা জিয়া হলের প্রভোস্ট এস এম সোলায়মানের সভাপতিত্বে অনুষ্ঠানে দেশের বিশিষ্ট শিল্পী নিলুফার ইয়াসমীন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রফেসর হক খালেদা জিয়া হলের ছাত্রীদের ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক ক্ষেত্রে আন্তঃ বিশ্ববিদ্যালয় ও জাতীয় পর্যায়ের প্রতিযোগিতাসমূহে বিভিন্ন সাফল্যের প্রশংসা করে বলেন, আমাদের অধিকাংশ ছাত্র-ছাত্রী একটি সুন্দর বিশ্ববিদ্যালয়, একটি সুন্দর ক্যাম্পাস চায়। কিন্তু বর্তমানে দেশের শিক্ষাঙ্গনগুলোতে সুন্দর পরিবেশের পরিবর্তে শ্লোগানই মুখ্য হয়ে উঠেছে। বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলো যেভাবে চলছে তাতে মূল্যবোধের অবক্ষয় চোখে পড়ে। ভিসি প্রফেসর হক তার ভাষণে এ সমস্ত অবক্ষয় কাটিয়ে একটি সুন্দর আদর্শ বিশ্ববিদ্যালয় হিসেবে ইসলামী বিশ্ববিদ্যালয়কে গড়ে তোলার জন্যে সম্ভব সব রকম প্রচেষ্টা গ্রহণ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। পরে তিনি ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

বিকেল পাঁচটা থেকে রাত সাড়ে নয়টা পর্যন্ত এ অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে হলের ছাত্রীরা কবিতা আবৃত্তি, দেশাত্মবোধক গান, ইসলামী গান, নজরুল সঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, পল্লীগীতি ও গীটার বাদ্য পরিবেশন করে। অনুষ্ঠানের প্রধান আকর্ষণ নিলুফার ইয়াসমিন তার আবেগময় সুললিত কণ্ঠে পর পর সাতটি নজরুল সঙ্গীত পরিবেশন করে দর্শকদের মাতিয়ে রাখেন। এ সময় মিলনায়তনে ছাত্রীদের উপচেপড়া ভীড় লক্ষ্য করা যায়। ভাইস-চ্যান্সেলর হক অত্যন্ত ধৈর্য সহকারে ছাত্রী হলের এ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন প্রেস বিজ্ঞপ্তি।